গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য - ১ অধিশাখা
www.mofl.gov.bd

পত্র নং-৩৩.০০.০০০০.১২৬.০৫.০২২.১৪- ২৫৮

তারিখঃ ১৩ বৈশাখ ১৪২৪ / ২৬ এপ্রিল ২০১৭

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২৭/০৯/২০১৬ তারিখের ৮০.১০৮.০১১.০৪.৩৩.০২৩.২০১৪-১১১ নং স্মারক পত্রের সুপারিশ, মেডিকেল বোর্ডের প্রত্যয়ন, পুলিশ প্রত্যয়ন প্রতিবেদন এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে দ্বিতীয় শ্রেণীর নন-ক্যাডার কারিগরী সহকারী ০২(দুই)টি এবং সহকারী হ্যাচারী কর্মকর্তা ০২(দুই)টি পদে নিম্নবর্ণিত ০৪ (চার) জন কর্মকর্তাকে ১০ম গ্রেডে (জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা: ১৬০০০ - ৩৮৬৪০/- স্কেলে) নিম্নোক্ত শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগপূর্বক কর্মকর্তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে পদায়ন করা হলোঃ

শর্তাবলীঃ

ক. যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;
খ. নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২(দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করবেন। শিক্ষানবিস থাকাকালে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা নিয়োগপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য দক্ষতা অর্জন করতে না পারলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকেই তাঁকে চাকুরী থেকে অপসারণ করতে পারবে;
গ. চাকুরীতে যোদগানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড দাখিল করেতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
ঘ. যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিয়ে করে থাকেন অথবা বিয়ে করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
ঙ. কোন সরকারী বা বেসরকারী দপ্তরে কার্যরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি পত্র দাখিল করতে হবে;
চ. এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরুপ ক্ষেত্রে তাঁর চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ মোতাবেক/ অনুসারে তাঁর চাকুরী নিয়ন্ত্রিত হবে;
ছ. এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;
জ. উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ৩১ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ/ ১৪ মে, ২০১৭ খ্রিস্টব্দ তারিখ পূর্বাহ্নে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

ক্রঃ নং	রেজিঃ নম্বর ও সুপারিশের ভিত্তি	নিজজেলা	সুপারিশকৃত প্রার্থীর নাম ও পদের নাম	পদায়নকৃত কর্মস্থল	মন্তব্য
১	২		৩	৪	৫
১.	০৩১৬৭৭ মেধা	মেহেরপুর	মোঃ রাশেদুর রহমান কারিগরী সহকারী	কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজারের কার্যালয়, কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি, চট্টগ্রাম	শূন্য পদে
২.	০৫২৫৯১ মহিলা	ঢাকা	শাহজাদী রত্না কারিগরী সহকারী	কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজারের কার্যালয়, কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি, খুলনা	শূন্য পদে
৩.	০২৬৬২৯ মেধা	সিরাজগঞ্জ	মোঃ রিপন হোসেন সহকারী হ্যাচারী কর্মকর্তা	বাওড় ম্যানেজারের কার্যালয়, বেড়গোবিন্দপুর বাঁওড়, চৌগাছা, যশোর।	শূন্য পদে
৪.	০০৮৪০০ মহিলা	মাদারীপুর	নাজিয়া হাওলাদার রুমি সহকারী হ্যাচারী কর্মকর্তা	বাওড় ম্যানেজারের কার্যালয়, মর্জাদ বাঁওড়, চৌগাছা, যশোর।	শূন্য পদে

০২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ হামিদুর রহমান)
উপ-সচিব
ফোন: ৯৫৭৭২৬

চলমান পাতা-২

E:\Abdullah-17\Transfer\Transfer.docx

পত্র নং-৩৩.০০.০০০০.১২৬.০৫.০২২.১৪- ২৫৮

তারিখঃ ১৩ বৈশাখ ১৪২৪ / ২৬ এপ্রিল ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১৯. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সিনিয়র সচিব, জন নিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, শেরে-বাংলা-নগর, আগারগাঁও, ঢাকা।
২২. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
২৩. পরিচালক/প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা,..... মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
২৪. উপপরিচালক/অধ্যক্ষ, ...।
২৫. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
২৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২৭. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২৮. জেলা মৎস্য কর্মকর্তা/আঞ্চলিক মৎস্য কর্মকর্তা,.....।
২৯. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩০. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩১. বিভাগীয় কন্ট্রোলার অব একাউন্টস, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
৩২. জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.....।
৩৩. উপজেলা মৎস্য কর্মকর্তা/খামার ব্যবস্থাপক/হ্যাচারি কর্মকর্তা, ...।
৩৪. অতিরিক্ত সচিব (মৎস্য) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৫. জনাব .....।
৩৬. সংশ্লিষ্ট নথি।